
দৈনিক বাংলা

তারিখ ২০|১০|78
পৃষ্ঠা ১ কলাম ৩

109



# নয়া মন্ত্রী আকবর হোসেন

লেঃ কর্নেল (অবসরপ্রাপ্ত) আকবর হোসেন বৃহস্পতিবার সন্ধ্যায় বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে মন্ত্রী পরিষদের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন। প্রেসিডেন্ট জিয়াউর রহমান শপথ অনুষ্ঠান পরিচালনা করেন।

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার ও মন্ত্রী পরিষদের কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন।

বাসসের খবরে প্রকাশ, লেঃ কর্নেল (অবঃ) আকবর হোসেনকে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ দফতরের দায়িত্ব দেয়া হয়েছে।

পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## আকবর হোসেন

(প্রথম পৃঃ পর)

দফতরের মন্ত্রী জনাব এ কে এম এনায়েত উল্লাহ খান গতকাল সকালে পদত্যাগ করায় ওই দফতরের মন্ত্রীর পদ শূন্য হয়।

### সংক্ষিপ্ত পরিচিতি

লেঃ কর্নেল (অবসরপ্রাপ্ত) আকবর হোসেন ১৯৪১ সালে কুমিল্লায় জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট কর্নেল (অবঃ) আকবর ১৯৬৫ সালে সেনাবাহিনীতে যোগদান করেন। এর পরের বছর তিনি কমিশন্ড লাভ করেন।

১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন। বিভিন্ন রণাঙ্গনে বীরত্বের জন্য 'বীর প্রতীক' উপাধিতে তাঁকে ভূষিত করা হয়।

কর্নেল আকবর ১৯৭২ সালে সেনাবাহিনী থেকে পদত্যাগ করেন এবং সক্রিয়ভাবে রাজনীতিতে অংশ নেন। কিছুদিন আগেও তিনি ইউনাইটেড পিপলস পার্টির (ইউপিপি) সহসভাপতি ছিলেন।

রাজনীতিতে জড়িত হবার পর তিনি শ্রমিক আন্দোলনেও সক্রিয় ভাবে অংশ নেন। গত মাসে জাতিসংঘের সাধারণ পরিষদের ৩৩তম অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। খবর বাসসের।